



যুগান্তর
 রাবিতে বুধবার ছাত্রলীগের দু'গ্রুপের সংঘর্ষ চলাকালে প্রতিপক্ষ গ্রুপের
 একজনকে কুপিয়ে পালিয়ে যাচ্ছে অন্যরা

রাবিতে ছাত্রলীগের দু'গ্রুপের সংঘর্ষ : আহত ৩

রাবি সংবাদদাতা

চাঁদাবাড়ির ঘটনাকে কেন্দ্র করে বুধবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষে তিনজন আহত হয়েছে। আহতদের রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদের মধ্যে মিষ্টি গ্রুপের কর্মী আশীসের অসহ্য আশংকাজনক বলে জানা গেছে। আহত অপর দুই কর্মী হল ইয়াহিয়া ও রুবেল। সূত্র জানায়, প্রেমঘটিত কারণে মঙ্গলবার রাতে বিনোদপুর লার্নেড স্কুল ছাত্রাবাসে মিষ্টি গ্রুপের কর্মীরা নাহিদের নেতৃত্বে শরীফ গ্রুপের কর্মী রুবেলের ওপর হামলা করে। এ খবর পেয়ে শরীফ গ্রুপের কর্মী আরিফ ও পলাশ রুবেলের ছাত্রাবাসে গিয়ে নাহিদের ওপর চড়াও হয়ে তাকে হত্যার হুমকি দেয়। নাহিদও তাদের পাল্টা হত্যার হুমকি দেয়। এদিকে আরিফ ও পলাশ চলে আসার সময় বিবাদ ম্যানসনে গিয়ে মিষ্টি গ্রুপের কর্মী হাসানের কাছে চাঁদা দাবি করে। চাঁদা দাবির এ ঘটনায় বুধবার সকালে উভয় গ্রুপের নেতাকর্মীই অস্থস্থ ক্যাম্পাসে প্রবেশ করে। বেলা ১২টার দিকে সংঘর্ষ : পৃষ্ঠা ১৫ : কলাম ৫

সংঘর্ষ : দু'গ্রুপে

(১ম পৃষ্ঠার পর)

মিষ্টি গ্রুপের কর্মী নাহিদ, ইয়াহিয়া ও আশীসের নেতৃত্বে রবীন্দ্র ভবনের পেছনে রুবেলের ওপর আধারও হামলা করলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। শরীফ গ্রুপের কর্মী আরিফ, পলাশ, নাহিদ, নয়ন ও জিয়ার নেতৃত্বে মিষ্টি গ্রুপের কর্মীদের ওপর পাল্টা হামলা করা হয়। এ সময় ছাত্রলীগ ক্যান্টিন অস্থিত খারালো কুর নিয়ে আশীসের পিঠে ও হাতে আঘাত করলে সে মাটিতে লুটিয়ে পড়ে। পরে ধারণা বেয়ে মিষ্টি গ্রুপের কর্মীরা ক্যাম্পাস থেকে পালিয়ে যায়। এ ঘটনায় পুরো ক্যাম্পাসে আতঙ্ক ছড়িয়ে পড়ে। পরে প্রচুর চৌধুরী মুহাম্মদ আকারিয়া পুলিশ নিয়ে এসে পরিস্থিতি শান্ত করেন।